

৭-দফা দাবিতে সারাদেশে শিক্ষক সমিতির সমাবেশ

■ ইত্তেফাক ডেস্ক

সরকারি শিক্ষক ও কর্মচারীদের মতো বেসরকারি শিক্ষক ও কর্মচারীদের পদমর্যাদা, বেতন স্কেল, বার্ষিক ইনক্রিমেন্ট, ব্যক্তিগত, উৎসব জাতা চিকিৎসা জাতা ও টাইম স্কেল প্রদানসহ ৭-দফা দাবিতে গত বুধবার সারাদেশে বাংলাদেশ শিক্ষক সমিতি বিক্ষোভ সমাবেশ করেছে। শিক্ষক নেতৃবৃন্দ এ সময় প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি প্রদান করেন। যবর ইত্তেফাকের প্রতিনিধি ও সংবাদদাতাদের।

নরসিংদী ■ শিক্ষক নেতৃবৃন্দ সময় উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে বুধবার প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি করেছে। শিক্ষক সমিতির নরসিংদী শাখার সভাপতি মোঃ হানিফ, সহ-সভাপতি মোঃ ভবিজ উদ্দিন মুখা, সাধারণ সম্পাদক তপন কুমার আচার্য, শিক্ষক নেতা, বোরহান উদ্দিন, দিলীপ সাহা, আজউর রহমান, আবদুল আজিজ, রশিড দেবনাথ, শিখর দেবনাথ, অনুসারী বেগমসহ বিপুল সংখ্যক নেতৃবৃন্দ এ সময় উপস্থিত ছিলেন।

উনিপুর (কুড়িগ্রাম) ■ কুড়িগ্রামের উনিপুরে বেসরকারি

শিক্ষক উপজেলা নির্বাহী অফিসারের নিকট স্মারকলিপি প্রদান করেন। শিক্ষক-কর্মচারীদের সমাবেশ বক্তব্য রাখেন, সমিতির সভাপতি অধ্যক্ষ আব্দুল কাদের, সাধারণ সম্পাদক শ্যামল চন্দ্র, অধ্যক্ষ আহসান হাবিব রাস্তা, মিনেস মুন্সাজ্জান প্রমুখ।

ত্রিশাল (যমুনসিংহ) ■ ত্রিশালে বেসরকারি শিক্ষক কর্মচারীরা উপজেলা নির্বাহী কর্মকর্তার মাধ্যমে প্রধানমন্ত্রীর বরাবরে স্মারকলিপি প্রদান শেষে উপজেলা পরিষদ চত্বরে এক সমাবেশ করেছে। অধিনায়ক দেব পরিচালনায় সভাপতি জাঃ মতিনের সভাপতিত্বে সমাবেশে বক্তব্য রাখেন মেজবা উদ্দিন, গোলাম রক্বানী, রুকন উদ্দিন, নুরুল আবিন প্রমুখ।

ফুলবাড়ি (দিনাজপুর) ■ ফুলবাড়ি উপজেলা শাখা শিক্ষক সমিতির সহ-সভাপতি জহির উদ্দিনের সভাপতিত্বে আয়োজিত সমাবেশে বক্তব্য রাখেন শিক্ষক সমিতির কেন্দ্রীয় উপদেষ্টা নাজিম উদ্দিন মন্ডল, অধিনায়ক চন্দ্র রায়, আব্দুল আজিজ বাবু, অধ্যক্ষ আবুল কালাম আজাদ, আব্দুল সাতার, রেজাউল করিম, মোস্তাফিজুর রহমান বাবু, ইউনুস আলী, হাসানুজ্জাবান

প্রমুখ। সমাবেশ শেষে উপজেলা নির্বাহী কর্মকর্তার মাধ্যমে প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি প্রদান করা হয়।

দশমিনা (পটুয়াখালী) ■ দশমিনা শিক্ষক সমিতি উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি প্রদান করেছে। গতকাল বুধবার দুপুরে সভাপতি শিক্ষক উপজেলা নির্বাহী অফিসার আজহারুল ইসলামের কাছে স্মারকলিপি প্রদান করেন। উপজেলা শিক্ষক সমিতির সভাপতি কাজী আনোয়ার হোসেনের সভাপতিত্বে সভায় বক্তব্য রাখেন সাধারণ সম্পাদক মোঃ হেলাল উদ্দিন, উপজেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক আব্দুর রাক্কাক সিকদার প্রমুখ।

ঈশ্বরগঞ্জ (যমুনসিংহ) ■ শিক্ষক সমিতি ঈশ্বরগঞ্জ উপজেলা শাখায় উদ্যোগে উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে প্রধানমন্ত্রী বরাবরে স্মারকলিপি প্রদান করেন সমিতির সভাপতি মোঃ সুলতানউদ্দিন, সাধারণ সম্পাদক এ এইচ এম কামরুজ্জাবান, হাফিজুর রহমান, আব্দুর রাক্কাক, মোঃ মেদিন, ভবরক হোসেন প্রমুখ।